তারিখ : 29 FEB 2016
পৃষ্ঠা : 2 কলাম : ৫

যুগান্তর

জাতীয় বিশ্ববিদ্যালয়

# স্নাতক ভর্তি রিলিজ স্লিপের আবেদন কাল শুরু

**গাজীপুর প্রতিনিধি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) এবং ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সের ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপের অনলাইন আবেদন কাল ১ মার্চ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ৮ মার্চ রাত ১২টা পর্যন্ত চলবে। ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সের ভর্তি কার্যক্রমে যেসব শিক্ষার্থী মেধা তালিকা স্থান পায়নি, মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি এবং ভর্তি বাতিল করেছে, সেসব শিক্ষার্থী রিলিজ স্লিপে আবেদন করতে পারবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ে নির্দিষ্ট ওয়েবসাইট (www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd) লিংকে গিয়ে এ সংক্রান্ত তথ্য পাওয়া যাবে।